# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬৪৪

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪. দ্বিতীয় অনুচ্ছেদ - আযান

আরবী

وَعَنْ أَبِي مَحْذُورَةَ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَّمَهُ الْأَذَانَ تِسْعَ عَشْرَةَ كَلِمَةً وَالْإِقَامَةَ سَبْعَ عَشْرَةَ كَلِمَةً. رَوَاهُ أَحْمَدُ وَالتِّرْمِذِيُّ وَأَبُو دَاوُدَ وَالنَّسَائِيُّ وَالدَّارِمِيُّ وَابْنُ مَاجَهْ

বাংলা

৬৪৪-[৪] আবূ মাহযূরাহ্ (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে ঊনিশ বাক্যে আযান আর সতের বাক্যে ইক্বামাত(ইকামত/একামত) শিক্ষা দিয়েছেন। (আহমাদ, তিরমিযী, আবূ দাঊদ, নাসায়ী, দারিমী ও ইবনু মাজাহ্)[1]

ফুটনোট

[1] সহীহ : আহমাদ ২৬৭০৮, আবূ দাঊদ ৫০২, তিরমিযী ১৯২, নাসায়ী ৬৩০, ইবনু মাজাহ্ ৭০৯, দারিমী ১১৯৭, সহীহুল জামি‘ ২৭৬৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আযান-এর বাক্য উনিশটি। প্রথমে ৪ বার আল্লা-হু আকবার, আশহাদু আল্লা- ইলা-হা ইল্লাল্লা-হ বাক্যটি তারজী' সহ ৪ বার, আশহাদু আন্না মুহাম্মাদার রসূলুল্লা-হ বাক্যটি তারজী সহ ৪ বার, হাইয়্যা আলাস্ সলা-হ্ ২ বার, হাইয়্যা ‘আলাল ফালা-হ ২ বার, আল্লা-হু আকবার ২ বার, শেষে ১ বার লা- ইলা-হা ইল্লাল্লা-হ, এ মোট ঊনিশ বাক্য। আযানের মধ্যে তারজী' সুন্নাহসম্মত হওয়ার পক্ষে এ হাদীস স্পষ্ট দলীল। ইক্বামাতের বাক্য সতেরটি। প্রথমে আল্লা-হু আকবার ৪ বার, শাহাদার বাক্য দু’টিতে তারজী' বাদ দিতে হবে, আর ক্বদ্ ক্ব-মাতিস্ সলা-হ্ বাক্যটি ১ বার যোগ করতে হবে। বাকী বাক্যগুলো আযানের মতই থাকবে। তাহলেই ইক্বামাতের বাক্য সতেরটি হয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55201

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন